

স্মারক নং- স্বাঃঅধিঃ/এমআইএস/২০২১/ ৪৮০৯

তারিখ: ১২/০১/২০২১ খ্রিঃ।

কোভিড-১৯ ভ্যাকসিন নিবন্ধন এ্যাপ সংক্রান্ত প্রকাশিত সংবাদের প্রতিবাদ

স্বাস্থ্য অধিদপ্তরের এমআইএস বিভাগ বিগত ১১/০১/২০২১ তারিখে প্রথম আলো পত্রিকায় প্রকাশিত কোভিড-১৯ ভ্যাকসিন নিবন্ধন এ্যাপ সংক্রান্ত সংবাদের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছে। প্রকাশিত খবরে এমআইএস বিভাগের পরিচালক ডা. মো. হাবিবুর রহমানের নাম উল্লেখ করে বলা হয়েছে যে, কোভিড-১৯ ভ্যাকসিন নিবন্ধন এ্যাপ তৈরিতে প্রায় ৯০ কোটি টাকা ব্যয় হচ্ছে। প্রকৃতপক্ষে সংবাদটি ভুলভাবে উপস্থাপিত হয়েছে। এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর এ সংবাদের প্রতিবাদ জানাচ্ছে। প্রকৃত বিষয়টি নিম্নে ব্যাখ্যা করা হল :

কোভিড-১৯ ভ্যাকসিন নিবন্ধন এ্যাপটি সরকারের আইসিটি বিভাগ ও স্বাস্থ্য অধিদপ্তরের নিজস্ব উদ্যোগে নিজস্ব জনবলের মাধ্যমে তৈরি হচ্ছে, যেখানে অর্থের কোন সংশ্লিষ্টতা নেই। এ্যাপ তৈরিতে ৯০ কোটি টাকার বিষয়টি সম্পূর্ণ ভিত্তিহীন। এ্যাপটি পরিচালনার জন্য হোস্টিং খরচ, এনআইডি ভেরিফিকেশন এবং মার্কিং সহ এসএমএস প্রেরণে ১ বছরে আনুমানিক ৯০ কোটি টাকা খরচ হতে পারে বলে প্রাথমিকভাবে ধারণা করা হয়। তবে এনআইডি ভেরিফিকেশন ও এসএমএস সরকারেরই অন্য বিভাগ পরিচালনা করায় ব্যয় সংকোচনের সুযোগ রয়েছে যে বিষয়ে আলোচনা চলমান আছে।

Md. 12/01/21

পরিচালক এমআইএস ও
লাইন ডাইরেক্টর, এইচআইএস এন্ড ই-হেলথ
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২